দৈনিক ইনকিলাব

09 JAN 1988
তারিখ ...
পৃষ্ঠা ... 1 কলাম 8 ...



## বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের জরুরী সভা

# অবিলম্বে বন্ধের আদেশ প্রত্যাহার করুন

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরু করার লক্ষ্যে অনতিবিলম্বে বিশ্ববিদ্যালয় বন্ধের আদেশ প্রত্যাহার করার জন্য সরকারকে অনুরোধ জানিয়েছে।

গতকাল রোববার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক জরুরী সভায় এ অনুরোধ জানিয়ে বলা হয়, সিণ্ডিকেটের বিবেচনায় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ সুষ্ঠু ও স্বাভাবিক এবং এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যাবার ফলে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়ার প্রভূত ক্ষতি হচ্ছে। অন্যদিকে পরীক্ষাগুলো অনুষ্ঠান ও সেশন জট সমস্যা আরও জটিল হয়ে পড়ছে।

উপাচার্য অধ্যাপক আবদুল মান্নানের

৭-এর পাতায় দেখুন

## আবলম্বে বন্ধের

প্রথম পৃষ্ঠার পর

সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি তুলে ধরা হয়। পরিস্থিতির পর্যালোচনার জন্যে বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট আগামী ৭ই জানুয়ারী পুনরায় সভায় মিলিত হবে।

**পরিবেশ পরিষদের সভার সুপারিশ আবার প্রেরণ—**

গতরাতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সদস্য সচিব স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে গত ২রা জানুয়ারী অনুষ্ঠিত পরিবেশ পরিষদের সভার সুপারিশ পুনরায় সংবাদপত্রে পাঠান হয়েছে।

বিশ্ববিদ্যালয় জনসংযোগ বিভাগ থেকে গত ২রা জানুয়ারী রাতে প্রেরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ সভার সুপারিশ সম্পর্কে প্রেরিত তথ্যের চেয়ে গতরাতে দেয়া বিজ্ঞপ্তিতে কিছু বাড়তি তথ্য রয়েছে।

গত ২রা জানুয়ারী রাতে গৃহীত সুপারিশে বলা হয়েছে, 'বিশ্ববিদ্যালয়ের অধ্যাদেশ অনুসারে যেহেতু বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষিত হয়নি, সুতরাং এ বিশ্ববিদ্যালয় এখনও খোলা আছে। তাই অবিলম্বে শিক্ষাসহ সমস্ত স্বাভাবিক কার্যক্রম পূর্ণভাবে শুরু করার জোর দাবী জানাচ্ছে। এই মর্মে আগামীকাল হতে হলগুলো চালু করা ও ৬ই জানুয়ারী থেকে শিক্ষাদান কার্যক্রম শুরু করা হোক।'